Food and Agriculture Organization of the United Nations

ভারত মহাসাগর পেলাজিক মৎস্যসম্পদের পাখিমাছ (Billfish) শনাক্তকরণ

Indian Ocean Tuna Commission
Commission des Thons de l'Océan Indien
iotc ctoi

Funded by the European Union

ইন্ডিয়ান ওশান টুনা কমিশন (IOTC) কর্তৃক ভারত মহাসাগরে টুনা ফিশারিজের সাথে সম্পর্কিত বা কাঙ্খিত পাখিমাছ এর আহরণ সম্বলিত তথ্য-উপাত্ত ও পরিসংখ্যানের উন্নতি সাধনে সহায়তার নিমিত্ত এই শনাক্তকরণ কার্ডসমূহ প্রস্তুত করা হয়েছে। পাখি মাছের মজুদ ও পরিসংখ্যান সম্পর্কে অধিকতর জ্ঞান লাভ করা, যাতে আঞ্চলিক মাৎস্য ব্যবস্থাপকগণ ভারত মহাসাগরে এজাতীয় প্রজাতিসমূহের টেকসই আহরণ নিশ্চিত করতে পারেন। ভারত মহাসাগরে টুনা, টুনা-সদৃশ প্রজাতি এবং পাখি মাছ আহরণের সাথে জড়িত মৎস্য নৌযানের ফিশিং মাস্টার ও নাবিক, নমুনা সংগ্রহকারী এবং মৎস্য পর্যবেক্ষকগণ এই কার্ডসমূহের সম্ভাব্য সর্বোচ্চ ব্যবহারকারী। এছাড়া মৎস্য প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ এবং জেলে সম্প্রদায়ও এ কার্ডসমূহের অন্যান্য সম্ভাব্য ব্যবহারকারী।

সজ্জা: Julien Million. Scientific advice: Julien Million (IOTC), Hugues Evano (IFREMER), David Wilson (IOTC).
পাখিমাছ শনাক্তকরণ কার্ডের প্রস্তুতির জন্য আমরা Dr. Evgeny Romanov (CAP RUN/ARDA) এর প্রতি কৃতজ্ঞতা স্বীকার করছি.
ইলাস্ট্রেশন © R.Swainston/anima.net.au
বাংলায় অনূদিত এই শনাক্তকরণ কার্ডসমূহ যাচাই করেছেন Mr. Shoukot Kabir Chowdhury, Mr. Mohammed Rashed Parvej Mr. Md. Shamsul Alam Patwary

প্রচলিত বাংলা নাম

FAO

বৈজ্ঞানিক নাম

J – জাপানি নাম
C – সরলীকৃত চীনা / প্রথাগত চীনা নাম
E – ইংরেজি নাম
F – ফরাসি নাম
S – স্প্যানিশ নাম





পাখি মাছের ক্ষেত্রে ব্যবহৃত পরিমাপ:

- নিচের চোয়াল হতে ফর্কের দৈর্ঘ্য (LJFL)
- চোখ হতে ফর্কের দৈর্ঘ্য (EFL)

সতর্কতা: পাখিমাছের নমুনায়নে কখনো দেহের দৈর্ঘ্য (TL) ব্যবহার করা হয় না এবং শুধুমাত্র চিত্রণের উদ্দেশ্যে এখানে দেখানো হয়েছে।

এই কার্ড কিভাবে ব্যবহার করতে হবে?

প্রতিটি কার্ডে রয়েছে

- প্রজাতির বৈজ্ঞানিক নামের পাশাপাশি প্রচলিত ইংরেজি নাম, ফরাসি, স্প্যানিস,জাপানীজ এবং প্রথাগত ও সহজ চাইনিজ নাম
- এর FAO কোড
- প্রজাতির কিছু শনাক্তকারী বৈশিষ্ট্য সম্বলিত চিত্রণ
- এর দেহের সর্বোচ্চ দৈর্ঘ্য (Max. TL)

পরিভাষা

- কডাল কিল: নৌকার তলাসদৃশ মাংসল উঁচু রেখা; সাধারণত প্রিকডাল পেডাঙ্কলে ত্বকের উত্থিত ভাঁজ বোঝায়। Xiphiidae গোত্রভূক্ত মাছের কডাল পেডাঙ্কলের মধ্যখানে একটি বড় কডাল কিল এবং Istiophoridae গোত্রের মাছে এক জোড়া কডাল কিল বিদ্যমান।

কালো পাখিমাছ

BLM

Makaira indica

J —シロカジキ
C —印度枪鱼 / 立翅旗魚
E —Black marlin
F —Makaire noir, marlin noir
S —Aguja negra

প্রথম পৃষ্ঠ পাখনা উচ্চতা = দেহ প্রশস্ততার ১/২ অথবা তারচেয়ে কম



সর্বোচ্চ দৈর্ঘ্য: ৪৬০ সেমি

মাংস পেশি হালকা ধূসর থেকে সাদা

নীল পাখিমাছ

BUM

Makaira nigricans

কিছু ট্যাক্সোনমিতে ভারত-প্রশান্ত মহাসাগরীয় নীল পাখিমাছ (Makaira mazara) নামেও পরিচিত

J –クロカジキ
C –蓝枪鱼 / 黑皮旗魚
E –Blue marlin
F –Makaire bleu, marlin bleu
S –Aguja azul

প্রথম পৃষ্ঠ পাখনার উচ্চতা = দেহ প্রশস্ততার ১/২ হতে ৩/৪



ঠোঁট প্রস্থচ্ছেদে গোলাকার

দ্বিতীয় পৃষ্ঠ পাখনা দ্বিতীয় পায়ু পাখনা থেকে কিছুটা পিছনে অবস্থিত

দুটি কডাল কিল

পার্শ্ব পাখনা লম্বা ও সরু, প্রায় সোজা, দেহের সাথে সরাসরি এঁটে/ ভাঁজ হয়ে যায়

বক্ষ পাখনা পার্শ্ব পাখনার চেয়ে অপেক্ষাকৃত ছোট

মাংস হালকা ধূসর থেকে সাদা

সর্বোচ্চ দৈর্ঘ্য: ৪৩০ সেমি

ডোরা পাখিমাছ

MLS

Tetrapturus audax

J –マカジキ
C –条纹四鳍旗鱼 / 紅肉旗魚
E –Striped marlin
F –Marlin rayé
S –Marlín rayado

প্রথম পৃষ্ঠ পাখনার উচ্চতা ≥ দেহ প্রশস্ততা



মাংস পেশী হালকা গোলাপী থেকে কমলা

সর্বোচ্চ দৈর্ঘ্য: ৩৪০ সেমি

ছোটঠোঁটে পাখিমাছ

SSP

Tetrapturus angustirostris

J –フウライカジキ
C –小吻四鰭旗鱼 / 小吻四鰭旗魚
E –Shortbill spearfish
F –Makaire à rostre court, lancier
S –Marlín trompa corta



সর্বোচ্চ দৈর্ঘ্য: ২৩০ সেমি

পালতোলা পাখি মাছ

SFA

Istiophorus platypterus

J —バショウカジキ
C —平鳍旗鱼 / 雨傘旗魚
E —Indo-Pacific sailfish
F —Voilier indo-pacifique
S —Pez vela del Indo-Pacífico



সর্বোচ্চ দৈর্ঘ্য: ৩২০ সেমি

তলোয়ার মাছ/চ্যাপ্টাঠোঁটে পাখি মাছ

SWO

Xiphias gladius

J —メカジキ
C —剑鱼 / 劍旗魚
E —Swordfish
F —Espadon
S —Pez espada

সতর্কতাঃ ছোট তলোয়ার মাছে পৃষ্ঠ পাখনার ভিত্তি অনেক লম্বা হয়





সর্বোচ্চ দৈর্ঘ্য: ৪৫০ সেমি

কাটা/ ড্রেসিং করা পাখিমাছ শনাক্তকরণ



প্রায়শই পাখিমাছগুলো কাটা এবং হিমায়িত অবস্থায় খালাস করা হয়:

- মাথা, লেজ, বক্ষ এবং পার্শ্ব পাখনা কেটে বাদ দেওয়া হয়
- প্রথম পৃষ্ঠ পাখনা ভাঁজ করা থাকে

নিম্নলিখিত শনাক্তকারী বৈশিষ্ট্যগুলোতে মনোযোগ দেওয়া প্রয়োজন:

- দেহের প্রশস্ততার তুলনায় প্রথম পৃষ্ঠ পাখনা উচ্চতা (যদি সম্ভব হয়)
- দ্বিতীয় পায়ু পাখনার তুলনায় দ্বিতীয় পৃষ্ঠ পাখনার অবস্থান দেখে কালো পাখিমাছ থেকে নীল এবং ডোরা পাখিমাছকে আলাদা করা যায়
- দেহের প্রস্থচ্ছেদ (চাপা বা পুরু) এবং মাংস পেশীর রং দেখে ডোরা পাখিমাছ থেকে নীল পাখিমাছকে পৃথক করা যায়
- পায়ু ছিদ্রের অবস্থান দেখে অন্যান্য পাখি মাছ ও পালতোলা পাখিমাছ থেকে ছোটঠোঁটে পাখি মাছকে আলাদা করা যায়

পাখি মাছ সম্পর্কিত IOTC এর প্রয়োজনীয় নির্দেশনা

আপনার নৌযানে আহরিত প্রত্যেকটি পাখিমাছ শনাক্তকরণপূর্বক রেকর্ড করুন এবং সঠিকভাবে রিপোর্ট করুন

জেলে/পর্যবেক্ষণকারীদের পাখিমাছের ব্যাপারে IOTC Conservation and Management Measures (CMM) অনুসারে নিম্নোক্ত কাজগুলো করতে হবে (প্রতি বছর IOTC কর্তৃক হালনাগাদকরণ এর দিকে নজর রাখতে হবে):

- লংলাইন এবং ট্রোল লাইন নৌযানের জেলেরা তাদের লগবুকের মাধ্যমে তলোয়ার মাছ (*Xiphias gladius*), নীল পাখিমাছ (*Makaira nigricans*), কালো পাখিমাছ (*Makaira indica*), ডোরা পাখিমাছ (*Tetrapturus audax*), পালতোলা পাখিমাছ (*Istiophorus platypterus*) এবং ছোটঠোঁটে পাখিমাছ (*Tetrapturus angustirostris*) এর আহরণ সম্পর্কিত তথ্য চলমান CMM অনুসারে রিপোর্ট করবেন।
- পার্স সেইন ও পোল-অ্যান্ড-লাইন নৌযানের জেলেরা তাদের লগবুকের মাধ্যমে প্রযোজ্যক্ষেত্রে পাখিমাছের প্রজাতি বা প্রজাতি গ্রুপের আহরণ সম্পর্কিত তথ্য চলমান CMM অনুসারে রিপোর্ট করবেন।
- ফাঁসজাল ব্যবহারকারী নৌযানের জেলেরা তাদের লগবুকের মাধ্যমে প্রযোজ্যক্ষেত্রে প্রজাতি বা প্রজাতি গ্রুপ অনুসারে চ্যাপ্টাঠোঁটে পাখি মাছ (*Xiphias gladius*), পালতোলা পাখিমাছ (*Istiophorus platypterus*) এবং অন্যান্য পাখিমাছের আহরণ সম্পর্কিত তথ্য চলমান CMM অনুসারে রিপোর্ট করবেন।
- হাত বরশি ব্যবহারকারী নৌযানের জেলেরা তাদের লগবুকের মাধ্যমে প্রযোজ্যক্ষেত্রে প্রজাতি বা প্রজাতি গ্রুপ অনুসারে কালো পাখিমাছ (*Makaira indica*), পালতোলা পাখিমাছ (*Istiophorus platypterus*) এবং অন্যান্য পাখিমাছের আহরণ সম্পর্কিত তথ্য চলমান CMM অনুসারে রিপোর্ট করবেন।

ভারত মহাসাগর পলোজকি মৎস্যসম্পদরে পাখি মাছ (Billfish) শনাক্তকরণ

Overseas Fishery Cooperation Foundation JAPAN (OFCF JAPAN) এর আর্থকি সহযোগীতায় এই প্র-কাশনাটি প্রণীত হয়েছে।

Phone: +248 422 54 94
Email: IOTC-secretariat@iotc.org

Indian Ocean Tuna Commission
ABIS Centre, PO Box 1011
Victoria, Seychelles

Fax: +248 422 43 64
Website: http://www.iotc.org

© FAO, 2024
BI704BN/1/11.24